উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত (৪৭ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২০.০৯.২০২৩ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। শত ব্যস্ততার মাঝেও রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় অদ্যকার সভায় উপস্থিত থাকায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে সেপ্টেম্বর/২৩ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সিনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩৫৬৬২০ জন, ২য় ডোজ ৩১৮২৮৫ জন ও ৩য় ডোজ ১৭৪৮৪৮ জন ও ৪র্থ ডোজ ৮৬৬৮ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, পাট কর্তন সম্পন্ন হয়েছে। এ বছর রোপা আমনের লক্ষ্যমাত্রা ১৪৬৩৫ হেক্টরের বিপরীতে ১৪৭৬৫ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। খরিপ-২ মৌসুমে ১০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে মাসকালাই বীজ ও সার বিতরণ করা হয়েছে। রোপা আমান ধানের বালাই ব্যবস্থাপনা এবং আগাম জাতের রোপা আমন ধান কর্তনের পর সরিষা চাষ সম্পর্কে কৃষকের পরামর্শ প্রদান করা হচ্ছে। সার, বীজ ও বালাইনাশকের কোন সমস্যা নেই। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, ভ্যাক্সিনেশন এবং খামারি পর্যায়ে সচেতনতা বৃদ্ধির ফলে গরুতে লাম্পি স্কিন ডিজিজে আক্রান্ত হওয়ার হার নিয়ন্ত্রণে রয়েছে। মশারি ব্যবহার, খামারের চারপাশ পরিষ্কার এবং ফার্ম হাইজিন নিশ্চিত করণের মাধ্যমে এই রোগের সংক্রমণ কমিয়ে আনা সম্ভব। এটা ভাইরাস জনিত রোগ বিধায়, এন্টিবায়োটিক ব্যবহার অপ্রয়োজনীয়। এছাড়া দুয়েকটি ক্ষেত্রে পল্লীচিকিৎসকের অপচিকিৎসায় কয়েকটি প্রাণীর মৃত্যুর ঘটনা ঘটেছে। এবিষয়ে জেলা প্রশাসনের সহায়তায় ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালিত হয়েছে। রাজবাড়ী সদর উপজেলার সবগুলো ইউনিয়নে বিনামূল্যে ছাগল ও ভেড়ার পিপিআর রোগের টিকা দেয়া হবে, যাতে প্রান্তিক খামারিগণ এইরোগের ক্ষতি থেকে রক্ষা পেতে পারেন। এছাড়া খুচরা পর্যায়ে ডিমের দাম সরকার নির্ধারিত দামের চেয়ে কম রয়েছে বলে প্রানিসম্পদ কর্মকর্তা জানান। প্রতিটি ইউনিয়নে লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি), ক্ষুরা রোগ (এফএমডি), পিপিআর রোগ বিষয়ে সচেতননতা সভা ও ফ্রি ভেটেরিনারি ক্যাম্প আয়োজিত হয়েছে এবং এলাকা ভিত্তিক ভ্যাক্সিনেশন চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চায়না দুয়ারীঃ বিল এবং নদীর মাছ ধ্বংসকারী অবৈধ চায়না দুয়ারি জালের ব্যবহার প্রতিহত করতে স্থানীয় পর্যায়ে সচেতনতা সভা এবং অভিযান পরিচালনায় উপজেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>মা ইলিশ সংরক্ষণ প্রস্তুতিঃ ইলিশের প্রধান প্রজনন মৌসুমে অবৈধভাবে যেন কেউ মা ইলিশ নিধন করতে না পারে সেজন্য সচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।<br>২) চেয়ারম্যান (সকল) ইউপি, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। তার বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, রাজবাড়ী সদর উপজেলা শিক্ষা প্রতিষ্ঠান সমূহে মাননীয় প্রধানমন্ত্রীর ৭৭তম জন্মদিন যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ১২ রবিউল আউয়াল ঈদে মিলাদুন্নবী পালিত হয়েছে। ২০০৯ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন চিত্র প্রদান করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে জলাতঙ্কের বার্তা ও এইচপিভি টিকাদান কার্যক্রম-২০২৩ সমপর্যায়ের বার্তা প্রদান করা হয়েছে। ২০২৩ সনের ইউনিক আইড পূরনের পারিতোষিক প্রদান সম্পন্ন হয়েছে। ২০২৩ -২০২৪ অর্থ বছরে পিবিজিএসআই স্কিমের আওতায় শিক্ষা প্রতিষ্ঠানে জবাবদিহি অনুদান-২য় পর্যায়ে ০৯ (নয়) টি প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। নতুন কারিকুলাম বাস্তবায়নের সকল কাযক্রম চলমান রয়েছে। ও মাষ্টার ট্রেইনারগণ কর্তৃক পরিদর্শনকৃত বিদ্যালয় তথ্য যথাযথভাবে গুগল ফর্মে আপলোড করা হয়েছে। অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ২২ টি প্রতিবন্ধী (সুবর্ন নাগরিক) আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের বয়স্ক ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বয়স্ক ভাতার অনুমোদিত সংখ্যা ১০,৯৬৮ জন।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ৩,৩৫৯ জন।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী ভাতার সংখ্যা ৫,৪৫৭ জন।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৫,৪৫৭ জন।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৭০ জন।<br>২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর, ২০২৩ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার সংখ্যা ৭০ জন।<br>আরএসএস পূন:বিনিয়োগ করা হয় ২,০০,০০০/- এবং আদায়কৃত ১২,২৭,৮৮০/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৪৪২ মেঃ টন চাউল ও ২১৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার কর্তৃক উত্তোলিত চাল টিসিবি ডিলার এর মাধ্যমে সুলভমূল্যে বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, সেপ্টেম্বর/২০২৩ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৪৫০০ জন, মোট গ্রহণকারী ৫৭৫৮০ জন, গ্রহনকারীর হার ৭৭.২৯%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০৬ জন, মহিলা ০৮ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৪ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ৩৩২০ জন, আইইউডি ৫৮ জন ও ইমপ্লান্ট ১২২ জন, নব দম্পতির সংখ্যা ৭৫ জন, নরমাল ডেলিভারি ১৩৬ টি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ডেলিভারী ১৭ জন ও মা ও শিশু কল্যাণ কেন্দ্র ১২ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বিতরণের লক্ষ্যমাত্রা ৩৮,৬০,০০০/-টাকা অগ্রগতি ৬,৪০,০০০/- টাকা, আদায়ের হার ৯৭%, প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা ১৪ ব্যাচে ৩০ জন করে ৪২০ জন, অগ্রগতি ৬০ জন, আত্নকর্মী লক্ষ্যমাত্র ৭৯ জন, অগ্রগতি ১০ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৩ মাসে বুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ৭৯০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৬৩২/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ৯৯০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১০০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ১৯১০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১৬০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ২২৩ টি নলকূপ খনন কাজ সম্পূর্ণ হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৪ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ০৫টি বিদ্যালয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১৫ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের সেপ্টেম্বর/২০২৩ মাসে ঋণ বিতরণ ১২.১৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৩২.০৫ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৩.৫১ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৫ জন ও আদায়ের হার ৯৬%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | বিএডিসি (ক্ষুদ্রসেচ) বিভাগ | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী সভায় বলেন যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রাজবাড়ী জোন, রাজবাড়ী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৩ মাসে ঋণ বিতরণ ১৩০.৭৫ কোটি টাকা, ঋন আদায় ৫.০২ কোটি টাকা, সঞ্চয় আদায় ৯৯.৫০ কোটি টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ২০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তবানা-০১. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রাণি চিকিৎসা কেন্দ্রসহ ল্যাবরেটরি নির্মাণ, ০২. বাণীবহ বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ' ইজিপিতে টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। মোঃ ইউনুছ এন্ড ব্রাদার্স প্রাইভেট লিমিটেড, চট্রগ্রাম এবং মেসার্স লরিন এন্টারপ্রাইজ, ঢাকা যথাক্রমে নির্মাণ কাজ দুইটি বাস্তবায়ন করবে। যথাশীঘ্র নির্মাণ কাজ শুরু হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবেই চলছে। | নির্মাণ কাজের গুণগত মান রক্ষায় প্রতিনিয়ত মনিটরিংয়ের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ২১ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, বর্তমানে মশা বাহিত রোগ বৃদ্ধি পাওয়ায় রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠণ ও ব্যবহার নির্দেশিকার ৩(ক) নং অ নুচ্ছেদের আলোকে মশা নিধন খাত হতে রাজবাড়ী সদর উপজেলার ১৪টি ইউনিয়নের বিভিন্ন স্থানে মশক নিধন কার্যক্রম পরিচালনা বাবদ ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকার প্রকল্প উপজেলা পষিদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। সভায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি মেরামত ও রং করণ বাবদ ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকার প্রাক্কলনটি উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠণ ও ব্যবহার নির্দেশিকার ৩(ক) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ খাত হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি মেরামত ও রং করণ বাবদ ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) প্রকল্প পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

| | |
|---|---|
| উপজেলা পরিষদের মালীর আগস্ট/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - | ১৭,০৫০/- টাকা |
| উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর আগস্ট/২০২৩ মাসের বেতন ভাতা বাবদ - | ১৭,০৫০/- টাকা |

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় জাতীয় শোক দিবসের ড্রোপট ডাউন ব্যানার ও শ্রদ্ধাঞ্জলী প্রদানের ব্যয় নির্বাহ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার, উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফটোকপি মেশিন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার এবং উপজেলা পরিষদের অফিস ও আবাসিক ভবনসমূহের ছাদ পরিস্কার পরিচ্ছন্ন, আবাসিক ভবন, অফিস চত্বরের বর্জ্য অপসারণ ও পরিস্কার পরিচ্ছন্ন করণের লেবার খরচ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সন্মানিত উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। সভায় উপস্থিত থাকতে পেরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আরও বলেন, উপজেলার সকল কর্মকর্তাকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে, মানুষ যাতে সেবার জন্য এসে ভোগান্তির শিকার না হয় সে ব্যাপারে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি সকলকে আন্তরিকভাবে সুষ্ঠু সমন্বয়েরর মাধ্যমে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর বলেন যে, রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী এবং উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত থাকায় সভাকে গুরুত্ব বহন করেছে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ রকিবুল হাসান পিয়াল)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

তারিখ : ২০.০৯.২০২৩ খ্রি:।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৩-৮৪৭(৫০)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ............................................................

............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২০/০৯/২৩

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।